

## না'গঞ্জ বিএনপি ক্যাডারের স্কুল দখলের চেষ্টা ॥ ধাওয়া-পালটা ধাওয়া

□ হামলায় প্রথম সাময়িক পরীক্ষা পণ্ড

শারায়ণগঞ্জ প্রতিদিন : পুলিশের উদ্যোগে বিএনপির ক্যাডাররা বৃহস্পতিবার বিকেল ৪টা পাপনা উচ্চবিদ্যালয় দখল করতে গেলে ছাত্রছাত্রী ও এলাকাবাসীর সঙ্গে যাদুক ধাওয়া-পালটা ধাওয়া ও সংঘর্ষ হয়েছে। হামলায় কারণে স্কুলের প্রথম সাময়িক পরীক্ষা পণ্ড হয়ে গেছে। পুলিশের লাঠিচারে আহত হয়েছে ১০ স্কুলছাত্র। ঢাকা-শারায়ণগঞ্জ রোডে ব্যারিকেড ছিল একঘণ্টা। এলাকাবাসীর ইটপটিকেল নিক্ষেপে পুলিশ ও সন্ত্রাসীরা পালিয়ে যায়।

এলাকাবাসী জানায়, অর্ধশতাব্দিক বছরের পুরনো পাপনা উচ্চবিদ্যালয়ের জমির মালিকানা দাবি করে সম্প্রতি বিএনপি সমর্থক সুলতান আহম্মদ ও হুদা হাজি দু'গটি দখলের পাচতারা করতিল। বৃহস্পতিবার স্কুলের প্রথম সাময়িক পরীক্ষা চলাকালে বিকেল ৪টা উদ্ভিষিত দু'জনের নেতৃত্বে ১৫/২০ সন্ত্রাসী লাঠিসোঁটা নিয়ে স্কুল দখলের জন্য স্কুলে হামলা চালায়। এ সময় পুলিশও তাদের সহায়তা করে। সন্ত্রাসীরা ছাত্রছাত্রীদের বাঁতা ছিড়ে ফেলে এক তাদের মারধর করতে থাকে। ছাত্রছাত্রী ও এলাকাবাসী সংগঠিত হয়ে

সন্ত্রাসী ও পুলিশকে ধাওয়া করলে দু'পক্ষের মধ্যে ধাওয়া-পালটা ধাওয়া হয়। এলাকাবাসীর ইটপটিকেল নিক্ষেপ ও লাঠিসোঁটার সামনে টিকতে না পেরে সন্ত্রাসী ও পুলিশ পালিয়ে যায়। স্কুলে হামলার প্রতিবাদে ছাত্রছাত্রীরা ঢাকা-শারায়ণগঞ্জ পুরনো সড়ক প্রায় একঘণ্টা অবরোধ করে রাখে। পরে সহকারী পুলিশ সুপার (ক অঞ্চল) জাহিদ হাসানের দায়ীনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আখাসে ব্যারিকেড প্রত্যাহার হয়।